## ডিসেম্বর ২০২১ মাসে অনুষ্ঠিত বিরামপুর উপজেলা পরিষদ সাধারণ সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | মোঃ খায়রুল আলম<br>চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ<br>বিরামপুর, দিনাজপুর। |
| তারিখ | ঃ | ৩০.১২.২০২১ খ্রি. |
| সময় | ঃ | বেলাঃ ১০.৩০ মিনিট |
| স্থান | ঃ | উপজেলা পরিষদ সভাকক্ষ। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যগণের তালিকা ঃ পরিশিষ্ট 'ক' ও 'খ'

সভাপতি জনাব মোঃ খায়রুল আলম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে খ্রিস্টীয় নববর্ষের শুভেচ্ছা জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুরকে সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করেন।

উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর, দিনাজপুর উপস্থিত সবাইকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

**আলোচ্যসূচিঃ ০১ গত সভার কার্যবিবরণী পঠন ও অনুমোদনঃ**

নভেম্বর ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শোনানো হয় এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় নভেম্বর ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর সাথে সদস্যগণ একমত পোষন করেন।

**সিদ্ধান্তঃ ০১** বিস্তারিত আলোচনান্তে নভেম্বর ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

**আলোচ্যসূচিঃ ০২ উপজেলা পরিষদের সুপারিশকৃত আলোচনাঃ**

আলোচ্য সময়ে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির কোন সুপারিশ পাওয়া যায়নি। উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।

**সিদ্ধান্তঃ০২** বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

**আলোচ্য সূচিঃ ০৩ সরকারি পরিপত্র নিয়ে আলোচনাঃ**

আলোচ্য সময়ে সরকারি কোন পরিপত্র পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৩** সরকারি কোন পরিপত্র পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচিঃ ০৪ মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক প্রেরিত সুপারিশ সম্পর্কিত আলোচনাঃ**

আলোচ্য সময়ে মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ পাওয়া যায়নি।

**সিদ্ধান্তঃ ০৪** মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১১-দিনাজপুর-৬ কর্তৃক কোন সুপারিশ ও নির্দেশনা পাওয়া গেলে যথাসময়ে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।

বিভাগীয় আলোচনা

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনা ০৫<br>উপজেলা কৃষি দপ্তর | উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, মাঠের অবস্থা এখন পর্যন্ত ভাল আছে। এ অবস্থা বিরাজ করলে ৭৫৫.০০ হেক্টর জমির বীজতলা শতভাগ অর্জিত হওয়ার সম্ভাবনা রয়েছে। হাইব্রিড ধানের ফলন এবার বাড়বে। এ উপজেলায় সারের কোন ঘাটতি নেই। সার্বক্ষণিক মনিটরিং করা হচ্ছে এবং নজরদারী বাড়ানো হয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা কৃষি কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৬<br>উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুরের প্রতিনিধি ডাঃ মোঃ আব্দুল্লাহ আল মাহমুদ সভায় জানান যে, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বিরামপুরের চিকিৎসা কার্যক্রম যথারীতি চলছে। তিনি আরও জানান যে, বুস্টার ডোজ টিকা ১ জানুয়ারি ২০২২ তারিখ থেকে দেয়া হবে। তিনি টিকা গ্রহণের জন্য অনুরোধ জানান। এ উপজেলায় আজকে তার শেষ কর্মদিবস হওয়ায় তিনি সকলের সহযোগিতার জন্য ধন্যবাদ জানান। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৭<br>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, গত এক মাসে ১,৭২১টি গবাদি পশুর, ৯,৭৩৮টি হাঁস-মুরগীর চিকিৎসা প্রদান করা হয়েছে। কৃত্রিম প্রজনন ৪৯৫ মাত্রা এবং শংকর জাতের বাচ্চা উৎপাদন হয়েছে ১৫০টি। গবাদি প্রাণির টিকা প্রদান করা হয়েছে ৪,০৮০ মাত্রা, হাঁস-মুরগীর টিকা প্রদান করা হয়েছে ৭২০০০ মাত্রা। এ ছাড়াও ১১০ জন খামারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ১টি ফ্রি ভেটেরিনারি মেডিকেল ক্যাম্প করা হয়েছে। এছাড়াও এ উপজেলায় কোন রোগের প্রাদুর্ভাব নেই, PPR রোগও নেই তবুও ৬৫,০০০ মাত্রা ছাগলের ভ্যাকসিনের জন্য চাহিদা দেয়া হয়েছে মর্মে তিনি সভায় উল্লেখ করেন।<br>এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার, বিরামপুর আশ্রয়নের আদিবাসীদের জন্য অগ্রাধিকারভিত্তিতে ভেড়া দেয়ার জন্য অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ৮<br>উপজেলা মৎস্য দপ্তর | উপজেলা মৎস্য কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে,<br>০১। একোয়া কালচার ইনফরমেশন কর্ণারঃ উপজেলা ১৬০০ মৎস্য চাষীর উপজেলা মৎস্য দপ্তরে যোগাযোগ ব্যবস্থা মজবুত করার জন্য প্রয়োজন যুগোপযোগী ইনফরমেশন সেন্টার। সেলক্ষ্যে উপজেলা মৎস্য দপ্তরের বারান্দাকে কাজে লাগিয়ে বিভিন্ন ধরনের মৎস্য বিষয়ক প্রশিক্ষণ সামগ্রী স্থাপন করা প্রয়োজন। ইতোমধ্যে নিজস্ব ব্যবস্থাপনায় বিভিন্ন উপকরণ স্থাপন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এমতাবস্থায় উপজেলা পরিষদ থেকে অর্থ বরাদ্দ প্রদান করা সম্ভব হলে পরিকল্পনা মোতাবেক কাজটি সম্পন্ন করা সহজতর হবে। উল্লেখ্য, ইনোভেশন কার্যক্রমের অংশ হিসেবে সেবা সহজীকরণের লক্ষ্যে এই উদ্যোগ গ্রহণ করা হয়।<br>০২। পরিত্যক্ত পুকুরসমূহকে চালু করার লক্ষ্যে প্রণোদনা প্রদানঃ এ উপজেলায় প্রায় ২২০০টি পুকুর রয়েছে। তন্মধ্যে ১৫০টি পুকুরে বিভিন্ন কারণে মাছ চাষ হচ্ছে না। এই পুকুরগুলোতে মাছ চাষ করার জন্য প্রণোদনা হিসেবে জনপ্রতি ১০ কেজি করে মাছের পোনা প্রদান করলে পুকুরমালিকগণ পরিত্যক্ত পুকুর সংস্কারের উদ্যোগ গ্রহণ করবে এবং পুকুরে মাছ চাষের উদ্যোগ গ্রহণ করার উৎসাহ পাবে। তাতে উৎপাদন বাড়বে এবং বিরামপুরে মাছের ঘাটতি পূরণে সহায়ক হবে।<br>০৩। জীর্ণ অফিসভবন নিজস্ব উদ্যোগে মেরামতকরণঃ এ দপ্তরের জন্য বরাদ্দকৃত কক্ষগুলো জীর্ণ হওয়ায় জরুরীভিত্তিতে নিজস্ব | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মৎস্য কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | ব্যবস্থাপনায় সংস্কার/মেরামত করা হয়েছে। এতে প্রায় ৭০,০০০/- নিজস্ব ব্যবস্থাপনায় খরচ করা হয়। এই ঘাটতি পূরণে উপজেলা পরিষদ থেকে অথবা অন্য কোন তহবিল থেকে অর্থ বরাদ্দ প্রদান করা হলে অফিস ব্যবস্থাপনা আরও সুন্দর হবে। | | |
| আলোচনাঃ ৯ দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ | জেনারেল ম্যানেজার, দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-২ বিরামপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে,যে সকল আশ্রয়নের জন্য মিটার এসেছে সেসকল আশ্রয়নে শীঘ্রই সংযোগ প্রদান করা হবে। লাইন ফল্ট হলে খুঁজে বেড় করতে অনেক সময় লাগে। নতুন সংযোগ নেয়ার জন্য আবেদন করতে হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. জেনারেল ম্যানেজার দিপবিস-২ বিরামপুর। |
| আলোচনাঃ ১০ উপজেলা প্রকৌশল দপ্তর | উপজেলা প্রকৌশলী, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, UGDP-4 এর Project গুলোর NOA দেয়া হয়েছে। UGDP-5 এর Project গুলোর Estiment প্রায় শেষের দিকে। UGDP-3 এর হাসপাতালের অভ্যর্থনা কক্ষের কাজ শেষ হয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকৌশলী বিরামপুর, দিনাজপুর। |
| আলোচনাঃ ১১ বাংলাদেশ কৃষি উন্নয়নকর্পোরেশন BADC (সেচ) | উপ-সহকারী প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন BADC (সেচ), বিরামপুর, দিনাজপুর বা তার প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর সম্পর্কে কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১.সহকারী প্রকৌশলী BADC (সেচ) বিরামপুর। |
| আলোচনাঃ ১২ বিরামপুর থানা | অফিসার ইনচার্জ, বিরামপুর থানা, দিনাজপুর সভায় জানান যে, নিয়মিত কার্যক্রম যথারীতি চলছে। আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভাল। তবে ইদানিং ছিনতাই এর ঘটনা ঘটছে। প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। মহাসড়কের সাথে সংযোগ সড়কগুলো নিচু হওয়ায় দুর্ঘটনা ঘটছে। দুর্ঘটনা প্রতিরোধে রাস্তাগুলো সমান করা দরকার। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. অফিসার ইনচার্জ বিরামপুর থানা |
| আলোচনাঃ ১৩ উপজেলা শিক্ষা দপ্তর | উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কাজ স্বাভাবিক ও গতিশীল। শিশু শ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে চাহিদা মোতাবেক বই পাওয়া গিয়াছে। চাহিদা অনুযায়ী প্রতিটি বিদ্যালয়ে বই সরবরাহ করা হয়েছে। আগামী ০১.০১.২০২২ খ্রি. তারিখে শিক্ষার্থীদের হাতে বই বিতরণ কার্যক্রম উদ্বোধন হবে। অতি সত্বর প্রতিটি শিক্ষার্থীর হাতে স্বাস্থ্যবিধি মেনে বই পৌঁছানোর জন্য সকল প্রধান শিক্ষককে নির্দেশনা প্রধান করা হয়েছে। ইতোপূর্বে জরীপের কাজ সম্পন্ন করা হয়েছে এবং ভর্তি চলমান রয়েছে। অধিদপ্তর কর্তৃক নির্দেশনা মোতাবেক পাঠদান কার্যক্রম চলমান থাকবে। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১.উপজেলা শিক্ষা অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ১৪ উপজেলা মাধ্যমিক শিক্ষা দপ্তর | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় আরও জানান যে, সরকারি নির্দেশনা অনুযায়ী স্বাস্থ্যবিধি মেনে শিক্ষা প্রতিষ্ঠানে পাঠদান কার্যক্রম চলছে। শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে এ্যাসাইনমেন্ট কার্যক্রম, শিক্ষা প্রতিষ্ঠানের অনলাইনে পাঠদান, শিক্ষার্থীদের ইউনিক আইডি প্রদানের কার্যক্রম, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও স্নাতক পর্যায়ের উপবৃত্তির কার্যক্রম চলমান রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন যথারীতি চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বিরামপুর। |
| আলোচনাঃ ১৫ উপজেলা সমাজসেবা দপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, ১৪ থেকে ২১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত ৭ (সাত) দিনব্যাপী জাগরণী সপ্তাহ পালন করা হয়েছে এবং জাগরণী সপ্তাহের আদায়ের লক্ষ্যমাত্রা ১০০% অর্জিত হয়েছে। আগামী অর্থবছরে ক্ষুদ্র ঋণ কার্যক্রমের পরিধি আরও বাড়বে। ১৫৭ জন প্রতিবন্ধী ভাতা বরাদ্দ পাওয়া গেছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর।<br>২. উপজেলা সমাজসেবা কর্মকর্তা, বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | তালিকা চূড়ান্তকরণের কাজ চলমান রয়েছে। ইতঃমধ্যে গত অর্থবছরে এ উপজেলায় শতভাগ প্রতিবন্ধীর ভাতা নিশ্চিত করা হয়েছে। বয়স্ক ভাতার ক্ষেত্রে আবেদনের সমান বরাদ্দ পাওয়া গেছে। তাদের তালিকা চূড়ান্ত করে পেরোল প্রেরণ করা হয়েছে। বিধবা ও স্বামী নিগৃহীতার ক্ষেত্রে আবেদনের সমান বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ অনুযায়ী তালিকা চূড়ান্ত করে পেরোল প্রেরণ করা হয়েছে। ইতঃমধ্যে যে সকল বয়স্ক ভাতাভোগী মৃত্যুবরণ করেছেন তাদের স্থলে যে সকল বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতাভোগীর বয়স ৬২(বাষট্টি) বছরের উর্ধ্বে তাদেরকে বয়স্ক ভাতায় স্থানান্তর করা হয়েছে। বিধবা ও স্বামী নিগৃহীতা অবশিষ্ট আবেদনকারীগণকে তদস্থলে অন্তর্ভূক্ত করা হবে। এভাবে বয়স্ক, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলাগণ শতভাগ ভাতার আওতায় আসবে। রোগী কল্যাণ সমিতির কার্যক্রম ভালভাবে চলছে। প্রতিবন্ধী শনাক্তকরণ জরিপ কার্যক্রম চলছে। | | |
| আলোচনাঃ ১৬<br>উপজেলা পল্লী উন্নয়ন দপ্তর | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, তাঁর দপ্তরের ঋণ আদায় ও বিতরণ অব্যাহত রয়েছে। ঋণ আদায়ের হার ৯২%। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর |
| লোচনাঃ ১৭<br>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর এর প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, আগামী ৫ জানুয়ারি ২০২২ কর্মকর্তা যোগদান করবেন। তিনি আরও জানান যে, IGA ১৩তম ব্যাচের ২২.১২.২০২১ থেকে প্রশিক্ষণ শুরু হয়েছে। ২০২২ সালে নতুন রুটিনে কিশোর-কিশোরী ক্লাবে শিশুদের ক্লাস চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিরামপুর |
| আলোচনাঃ ১৮<br>উপজেলা হিসাবরক্ষণ দপ্তর | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ১৯<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর সভায় জানান যে, ১৪টি দপ্তরের ওয়েব পোর্টাল ১০০% হয়নি। পরিষদের ছবি নেই হালনাগাদ করতে হবে। তিনি ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট দপ্তর প্রধানকে অনুরোধ জানান। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. ওয়েব পোর্টাল হালনাগাদ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. সহকারী প্রোগ্রামার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর।<br>২. স্ব স্ব দপ্তর প্রধান। |
| আলোচনাঃ ২০<br>উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ২০২১-২০২২ অর্থ বছরে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ কোর্স শুরু হয়েছে। চলতি মাসে ০৭টি ব্যাচে মোট ২১০ (দুইশত দশ) জন বেকার যুব ও যুব মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা যুব উন্নয়ন অফিসার, বিরামপুর। |
| আলোচনাঃ ২০<br>উপজেলা যুব উন্নয়ন দপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, বিরামপুর আরও জানান যে, ক্রমপুঞ্জিভূত ঋণ বিতরণ করা হয়েছে ২,৪৬,৪৬,০০০/- (দুই কোটি ছেচল্লিশ লক্ষ ছেচল্লিশ হাজার) টাকা। আদায়যোগ্য টাকার পরিমান সর্বমোট =২,১৬,২৭,৮২৫/-(দুই কোটি ষোল লক্ষ সাতাশ হাজার আটশত পঁচিশ) টাকা। আদায়কৃত টাকার পরিমান মোট = ১,৯৪,৪২,৬৬৩/-(এক কোটি চুরানব্বই লক্ষ বিয়াল্লিশ হাজার ছয়শত তেষট্টি) টাকা এবং আদায় হার শতকরা ৯০%। | | |
| আলোচনাঃ ২১<br>উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তর | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুরের প্রতিনিধি সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বার্ষিক লক্ষমাত্রা অর্জিত হয়েছে। আশ্রয়ন প্রকল্পের অধিবাসীদের মাঝে পরিবার পরিকল্পনা দপ্তরের কার্যক্রম চলমান রয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বিরামপুর। |
| আলোচনাঃ ২২<br>জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল দপ্তর, বিরামপুর দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। অর্থ মন্ত্রণালয় অর্থ ছাড় না করায় আশ্রয়ণে টিউবওয়েল বসানো সম্ভব হচ্ছে না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), বিরামপুর। |

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ২৩ উপজেলা ত্রাণ দপ্তর | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। টিআর, কাবিখা প্রকল্পের কাজ চলছে। নতুন চেয়ারম্যানগণ দায়িত্ব গ্রহণের পর ৪০ দিনের কর্মসূচির কার্যক্রম শুরু করা হবে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা বিরামপুর |
| আলোচনাঃ ২৪ উপজেলা পরিসংখ্যান দপ্তর | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর বা তার প্রতিনিধি সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৫ উপজেলা সমবায় দপ্তর | উপজেলা সমবায় কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর অনুপস্থিত থাকায় তার দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. উপজেলা সমবায় কর্মকর্তা বিরামপুর, দিনাজপুর |
| আলোচনাঃ ২৬ বন বিভাগ | রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর সভায় অনুপস্থিত থাকায় তার দপ্তর সম্পর্কিত কোন তথ্য পাওয়া গেল না। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. রেঞ্জ কর্মকর্তা, চরকাই রেঞ্জ, বিরামপুর। |
| আলোচনাঃ ২৭ উপজেলা নির্বাচন দপ্তর | উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর, দিনাজপুর চলমান ইউনিয়ন পরিষদ নির্বাচন ২০২১ এর কাজে ব্যস্ত থাকায় সভায় উপস্থিত অনুপস্থিত রয়েছেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাচন কর্মকর্তা, বিরামপুর। |
| আলোচনাঃ ২৮ উপজেলা রিসোর্স সেন্টার প্রাথমিক শিক্ষা | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। করোনাকালে প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ থাকলেও অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার বিরামপুর |
| আলোচনাঃ ২৯ শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক বিরামপুর শাখা | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। খেলাপী ঋণ আদায়ে সার্টিফিকেট মামলা করার উর্ধ্বতন কর্তৃপক্ষের কোন নির্দেশনা নেই। তার আওতাধীন প্রায় ১০,০০০ সদস্য রয়েছে। নতুন বিল্ডিং হয়েছে। কিন্তু পর্যাপ্ত টয়লেট না থাকায় সমস্যা হচ্ছে। সেকারণে পাবলিক টয়লেট দরকার মর্মে তিনি সভায় উল্লখ করেন। | ১. সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, বিরামপুর শাখা |
| আলোচনাঃ ৩০ পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন | উপজেলা দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, বিরামপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক রয়েছে। ঋণ বিতরণ ৪৫.০০লক্ষ এবং আদায় ৩৮.২০ লক্ষ টাকা। ঋণ আদায়ের হার ৯৬% | ১. ঋণ আদায়ে সরকারি নির্দেশনা মেনে আদায় করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, বিরামপুর |
| আলোচনাঃ ৩১ Upazila Governance and Development Project (UGDP) | Upazila Development Facilitator (UDF) বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে,<br>১. বিগত ২৩-২৪ অক্টোবর ২০২১ তারিখে বগুড়া RDA-তে অনুষ্ঠিত বার্ষিক অগ্রগতি পর্যালোচনা কর্মশালায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের উপ-পরিচালক জানিয়েছেন যে, আগামীতে আর কোন মূল্যায়ন টীম উপজেলাতে গিয়ে দক্ষতা মূল্যায়ন করবে না। পুরো মূল্যায়ন প্রক্রিয়াটি হবে উপজেলার ওয়েব পোর্টাল দেখে। তাই উপজেলার প্রতিটি দপ্তরের ওয়েব পোর্টাল আপডেট রাখতে হবে। পাশাপাশি প্রতিটি উপজেলা কমিটির (স্ট্যান্ডিং কমিটি) সভার রেজুলশন ওয়েব পোর্টাল এ রাখতে হবে।<br>২. প্রকল্প অফিস থেকে ২০১৮-১৯ অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন প্রকল্প কাজ আগামী জানুয়ারী ২০২২ খ্রি. মধ্যে কাজ শেষ করে প্রকল্প অফিসে বিল পাঠানোর ব্যবস্থা নিতে উপজেলা পরিষদকে অবহিত করতে নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>৩. ২০১৯-২০ অর্থ বছরের অবকাঠামো উন্নয়ন প্রকল্পের চলতি মাসে ঠিকাদারদের NOA দেয়া হয়েছে। | ১. প্রতিটি দপ্তরের ওয়েব পোর্টাল আপডেট রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুরকে মনিটরিং করার জন্য অনুরোধ করা হয়।<br>২. নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করে বিল প্রকল্প অফিসে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে অনুরোধ করা হয়।<br>৩. নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. দপ্তর প্রধান ও সহকারী প্রোগ্রামার,তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, বিরামপুর<br>২. উপজেলা প্রকৌশলী বিরামপুর।<br>৩. উপজেলা প্রকৌশলী বিরামপুর। |

<table>
<tr><th>দপ্তর</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td></td><td>৪. ২০২০-২০২১ অর্থ বছরের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের সক্ষমতা উন্নয়ন প্রকল্পের জন্য নিম্নোক্ত ৬(ছয়) টি প্রকল্প প্রস্তাবনা প্রকল্প অফিসে প্রেরণ করা হয়েছে।<br>ক. নবনির্বাচিত জনপ্রতিনিধি ও সুশীল সমাজের প্রতিনিধিদের ইভ-টিজিং, বাল্যবিবাহ ও নারী নির্যাতন বিরোধী অবহিতকরণ কর্মশালা।<br>খ. বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে করোনা বিস্তাররোধে শিক্ষকদের সচেতনতা বিষয়ক প্রশিক্ষণ।<br>গ. হোটেল রেস্টুরেন্ট ও দোকান শ্রমিকদের স্বাস্থ্য ও বাণিজ্য সচেতনতা বিষয়ক প্রশিক্ষণ।<br>ঘ. নির্মাণ শ্রমিক (রাজ মিস্ত্রী, রড মিস্ত্রী, রং মিস্ত্রী ও ইলেক্ট্রিক মিস্ত্রী) দের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে মৌলিক প্রশিক্ষণ।<br>ঙ. বিরামপুর উপজেলার আওতাধীন শিক্ষক, জনপ্রতিনিধি, ইউনিয়ন সচিব, ইউনিয়ন উদ্যোক্তা ও শিক্ষার্থীদের ই-মিউটেশন ও নামজারী বিষয়ক প্রশিক্ষণ ।<br>চ. নিরাপদ সড়কের লক্ষ্যে অটো ও সিএনজি চালকদের ট্রাফিক আইন বিষয়ক প্রশিক্ষণ ।</td><td>৪. অনুমোদন সাপেক্ষে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>৪. কোর্স কো-অর্ডিনেটর</td></tr>
<tr><td></td><td>৫. ৫ম পর্যায়ে ২০২০-২১ অর্থবছরের অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প প্রস্তাব প্রণয়ন ও প্রেরণের জন্য নিম্নোক্ত প্রকল্প প্রস্তাব পাওয়া গেছে।
<table>
<tr><th>ক্র. নং</th><th>প্রকল্পের নাম</th><th>আনুমানিক টাকার পরিমান (ভ্যাট ও আয়কর ব্যতীত)</th></tr>
<tr><td>১</td><td>বিরামপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ডিজিটাল এক্সরে মেশিন স্থাপন ।</td><td>৩০ লক্ষ</td></tr>
<tr><td>২</td><td>মাধ্যমিক স্তরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাপটপ ও মাল্টিমিডিয়া বিতরণ</td><td>১৫ লক্ষ</td></tr>
<tr><td>৩</td><td>মাধ্যমিক স্তরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ (উঁচু ও নীচু) বিতরণ</td><td>১৫ লক্ষ</td></tr>
</table></td><td>৫. প্রকল্প প্রস্তাবগুলো সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়। উপজেলা প্রকৌশলী, বিরামপুরকে প্রকল্পগুলো প্রজেক্ট মনিটরিং ইউনিটে প্রেরণ করার এবং অনুমোদন সাপেক্ষে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>৫. উপজেলা প্রকৌশলী বিরামপুর।</td></tr>
<tr><td></td><td>৬. ইউডিএফ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বিরামপুর উপজেলার জন্য ২০২২ সাল থেকে পরবর্তী ৫ বছরের জন্য একটি পঞ্চবার্ষিকী পরিকল্পনা তৈরীর জন্য প্রস্তাব করেন।</td><td>৬. উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় বিরামপুর উপজেলার জন্য ২০২২-২০২৬ সাল পর্যন্ত ৫ বছরের জন্য একটি পঞ্চবার্ষিকী পরিকল্পনা তৈরীর সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এ বিষয়ে স্ব স্ব দপ্তরের ৫ বছরের প্রকল্প প্রস্তাব উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করার জন্য দপ্তর প্রধানগণকে অনুরোধ করা হয়।</td><td>৬. স্ব স্ব দপ্তর প্রধান।</td></tr>
<tr><td><u>আলোচনাঃ ৩২</u><br>তথ্য আপা প্রকল্প ২য় পর্যায়</td><td>তথ্যসেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়) বিরামপুর, দিনাজপুর সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি আরও জানান যে, জানুয়ারি ২০২২ সাল থেকে ৪টি করে উঠান বৈঠক হবে।</td><td>১. নিয়মিত উঠান বৈঠক করাসহ অন্যান্য দাপ্তরিক কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>তথ্যসেবা কর্মকর্তা তথ্য আপা প্রকল্প (২য় পর্যায়), বিরামপুর দিনাজপুর।</td></tr>
<tr><td><u>আলোচনাঃ ৩৩</u><br>জেলা পরিষদ দিনাজপুর</td><td>জেলা পরিষদের ২ জন সদস্য অনুপস্থিত থাকায় তাদের বক্তব্য পাওয়া গেল না।</td><td>১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।</td><td>সদস্য, জেলা পরিষদ।</td></tr>
</table>

| দপ্তর | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| আলোচনাঃ ৩৪ মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ | নবনির্বাচিত চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুরের শপথ গ্রহণ হয়নি ফলে তাদের আমন্ত্রণ জানানো হয়নি। | নবনির্বাচিত চেয়ারম্যান শপথ গ্রহণের পর সভায় যোগদান করবেন। | চেয়ারম্যান, মুকুন্দপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৫ কাটলা ইউনিয়ন পরিষদ | নবনির্বাচিত চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ, বিরামপুর বিরামপুরের শপথ গ্রহণ হয়নি ফলে তাদের আমন্ত্রণ জানানো হয়নি। | নবনির্বাচিত চেয়ারম্যান শপথ গ্রহণের পর সভায় যোগদান করবেন। | চেয়ারম্যান, কাটলা ইউনিয়ন পরিষদ বিরামপুর বিরামপুর। |
| আলোচনাঃ ৩৬ খানপুর ইউনিয়ন পরিষদ | নবনির্বাজিত চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুরের শপথ গ্রহণ হয়নি ফলে তাদের আমন্ত্রণ জানানো হয়নি। | নবনির্বাচিত চেয়ারম্যান শপথ গ্রহণের পর সভায় যোগদান করবেন। | চেয়ারম্যান, খানপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৭ দিওড় ইউনিয়ন পরিষদ | নবনির্বাজিত চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ, বিরামপুরের শপথ গ্রহণ হয়নি ফলে তাদের আমন্ত্রণ জানানো হয়নি। | নবনির্বাচিত চেয়ারম্যান শপথ গ্রহণের পর সভায় যোগদান করবেন। | চেয়ারম্যান, দিওড় ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৮ বিনাইল ইউনিয়ন পরিষদ | নবনির্বাজিত চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ, বিরামপুরের শপথ গ্রহণ হয়নি ফলে তাদের আমন্ত্রণ জানানো হয়নি। | নবনির্বাচিত চেয়ারম্যান শপথ গ্রহণের পর সভায় যোগদান করবেন। | চেয়ারম্যান, বিনাইল ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৩৯ জোতবানী ইউনিয়ন পরিষদ | নবনির্বাজিত চেয়ারম্যান, জোতবানী ইউনিয়ন পরিষদ, বিরামপুরের শপথ গ্রহণ হয়নি ফলে তাদের আমন্ত্রণ জানানো হয়নি। | নবনির্বাচিত চেয়ারম্যান শপথ গ্রহণের পর সভায় যোগদান করবেন। | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪০ পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ | নবনির্বাজিত চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ, বিরামপুরের শপথ গ্রহণ হয়নি ফলে তাদের আমন্ত্রণ জানানো হয়নি। | নবনির্বাচিত চেয়ারম্যান শপথ গ্রহণের পর সভায় যোগদান করবেন। | চেয়ারম্যান, পলিপ্রয়াগপুর ইউনিয়ন পরিষদ বিরামপুর। |
| আলোচনাঃ ৪১ সংরক্ষিত সদস্য | সংরক্ষিত আসনের ৩ জন সদস্যের মধ্যে মোছাঃ আঙ্গুরা পারভীন অনুপস্থিত রয়েছেন। তাদের কোন বক্তব্য নেই। | ১. সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | ১. সংরক্ষিত আসনের সদস্যবৃন্দ। |
| আলোচনাঃ ৪২ ভাইস-চেয়ারম্যানদ্বয় উপজেলা পরিষদ বিরামপুর। | ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, বিরামপুর ২০২০-২০২১ অর্থ বছরে দক্ষতার সাথে টিউবওয়েল বসানোর জন্য সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য দপ্তরকে ধন্যবাদ জানান। তিনি আরও জানান যে, মহিলা সমিতি পুকুর লীজ নিয়েছিল কিন্তু পরে তারা টাকা ফেরত নিয়েছেন। লীজকৃত পুকুরটি সংস্কার করে দেয়া হলে তারা পুনরায় উক্ত পুকুরটি লীজ নিতে আগ্রহী। PPR রোগে আক্রান্ত ছাগলের দ্রুত চিকিৎসা দেয়ার কারণে প্রায় ৩০০ ছাগল বেঁচে গেছে। এ জন্য তিনি উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকেও ধন্যবাদ জানান। উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করার জন্য পুনরায় অনুরোধ জানান। | উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণকে নিয়মিত সভা করে সভার কার্যবিবরণী সুপারিশসহ সভাপতি বরাবর প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে পুনরায় গৃহীত হয়। | ১. উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্য সচিবগণ। |
| আলোচনাঃ ৪৩ মেয়র, বিরামপুর পৌরসভা | মেয়র, বিরামপুর পৌরসভার পক্ষে প্যানেল মেয়র সভায় জানান যে, বিরামপুর পৌরসভার নিয়মিত কার্যক্রম চলমান রয়েছে। তিনি আরও জানান যে, হাট/বাজারের জন্য নির্ধারিত স্থানে বাজার বসানোর উদ্যোগ ইতঃমধ্যে গ্রহণ করা হয়েছে। প্রধান সড়কের সাথে যুক্ত সংযোগ সড়কগুলো মেরামত/সংস্কার করার খুব শীঘ্রই গ্রহণ করা হবে। উপজেলা পরিষদের অভ্যন্তরীণ রাস্তাটির কাজও দ্রুত সমাপ্ত করা হবে। কুকুর নিধনে উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমতি গ্রহণের পর ব্যবস্থা গ্রহণের আশ্বাস দেন। আগামী জুলাই ২০২২ মাস হতে উন্নয়নমূলক কার্যক্রম শুরু করা হবে মর্মে তিনি অবহিত করেন। | ১.সরকারি নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২. দূর্ঘটনা এড়াতে দ্রুত সংযোগ সড়কগুলো মেরামত/সংস্তার করার জন্য অনুরোধ করা হয়।<br>৩. উপজেলা পরিষদের অভ্যন্তরীণ রাস্তাটি সিসি ঢালাই করার জন্য অনুরোধ করা হয়।<br>৪. প্রায় প্রতিদিনই কুকুরের কামরে লোকজন আহত হচ্ছেন। একারণে কুকুর নিধনে দ্রুত কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ১. মেয়র, বিরামপুর পৌরসভা, দিনাজপুর |

৪৭. উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয়গুলো অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।

**নভেম্বর/২০২১ মাসের ব্যয়**

| ক্রমিক | ব্যয়ের বিবরণ | টাকার পরিমান |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদের নভেম্বর/২০২১ মাসের সম্মানীভাতা ও বাসা ভাড়া প্রদান এবং নভেম্বর/২০২১ মাসের ভ্রমণভাতা প্রদান | =৫৩,১২৫/- |
| ০২ | ভাইস-চেয়ারম্যান ও ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদের নভেম্বর/২০২১ মাসের সম্মানীভাতা এবং নভেম্বর/২০২১ মাসের ভ্রমণভাতা প্রদান | =৬৭,০০০/- |
| ০৩ | উপজেলা পরিষদ ২ জন কর্মচারীদের নভেম্বর/২০২১ মাসের ২৯ দিনের দৈনিক মজুরী ৫৫০/- টাকা হারে মজুরী প্রদান। ( ১৫,৯৫০+১৫৯৫০=৩১,৯০০/-) | =৩১,৯০০/- |
| ০৪ | নভেম্বর/২০২১ আপ্যায়ন ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৩০,০০০/- |
| ০৫ | নভেম্বর/২০২১ আনুষঙ্গিক ব্যয় (ভ্যাট ও আয়করসহ) | =৫,০০০/- |
| ০৬ | নভেম্বর/২০২১ মাসের বিদ্যুৎ বিল প্রদান | =২৩,৭৩৯/- |

সভায় বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত ব্যয়গুলো অনুমোদন দেয়া হয়।

সভাপতি আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ খায়রুল আলম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভা
বিরামপুর, দিনাজপুর।